Times Today BD

ডেস্ক রিপোর্ট | খেলা | 28 March, 2025

হার্ট অ্যাটাক করার পর গত ২৪ মার্চ গাজীপুরের কেপিজে হাসপাতালে ভর্তি করা হয়েছিল বাংলাদেশ দলের সাবেক অধিনায়ক তামিম ইকবালকে।এরপর তাকে নিয়ে আসা হয় রাজধানীর এভারকেয়ার হাসপাতালে।সেখানে পর্যবেক্ষণে থেকে আজ শুক্রবার বাসায় ফিরেছেন তামিম। আজ দুপুরেই তামিমকে বাসায় নেওয়া হয়েছে।বর্তমানে অনেকটাই সুস্থ হয়েছেন তিনি।

গত সোমবার সাভারের বিকেএসপিতে শাইনপুকুরের বিপক্ষে খেলতে গিয়ে অসুস্থ হন মোহামেডানের অধিনায়ক তামিম ইকবাল।সেই ম্যাচে টস করতে নামলেও মাঠে আর নামা হয়নি তার।অসুস্থ হয়ে পড়লে দ্রুত কাছের কেপিজি হাসপাতালে নেওয়া হয় তাকে।

ইসিজি করে হেলিকপ্টারে ঢাকায় আসার কথা ছিল তামিমের।তবে শারীরিক অবস্থা অনুকূলে না থাকায় আবারও কেপিজে হাসপাতালে ভর্তি করানো হয় তাকে। পরে দেখা যায়, মারাত্মক হার্ট অ্যাটাক হয়েছে তামিমের।তাকে বাঁচাতে কিছুক্ষণের মধ্যেই পরানো হয় রিং।সেখানেই ৪৮ ঘণ্টা নিবিড় পর্যবেক্ষণে ছিলেন তিনি। কেপিজে হাসপাতালে একদিন থাকার পর তামিমকে নিয়ে আসা হয় এভারকেয়ার হাসপাতালে।সেখান থেকে আজ তাকে বাসায় নেওয়া হলো।

ঝুঁকি কমানোর জন্য তামিমকে বিদেশে নিয়ে যাওয়ার কথাও চলছে।তার চাচা আকরাম খান বলেছিলেন, ‘আগামী দু-তিন দিন যদি অবস্থা স্থিতিশীল থাকে, তাহলে তাকে বাসায় নেওয়া হবে।পাশাপাশি পরবর্তী পর্যায়ে আরও উন্নত চিকিৎসার জন্য তাকে দেশের বাইরে নেওয়ার পরিকল্পনাও আছে।

এদিকে, এভারকেয়ারের চিকিৎসকেরা জানিয়েছেন, স্বাভাবিক জীবনে ফিরতে অন্তত তিন মাস সময় লাগবে তামিমের।এই সময়ে তাকে বাসায় পূর্ণ বিশ্রামে থাকতে হবে।মানতে হবে বিভিন্ন বিধি-নিষেধ।

বিকেএসপি তামিম ইকবাল

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 July, 2025 23:24

URL: https://timestodaybd.com/sports/138775807